



তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর: ১৯

রাজশাহীতে বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৩তম জন্মবার্ষিকী উদযাপন

রাজশাহী; ২১ শ্রাবণ (০৫ আগস্ট):

আজ শুক্রবার (০৫ আগস্ট) রাজশাহীতে বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৩তম জন্মবার্ষিকী উদযাপন করা হয়েছে। এ উপলক্ষ্যে সকালে জেলা শিল্পকলা একাডেমিতে ‘শহিদ ক্যাপ্টেন শেখ কামাল: নির্মল তারঙ্গের অগ্রদৃত’ শৈর্ষক আলোচনাসভা অনুষ্ঠিত হয়।

রাজশাহী জেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার জি এস এম জাফরউল্লাহ এনডিসি।

বিভাগীয় কমিশনার জি এস এম জাফরউল্লাহ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় শহিদ ক্যাপ্টেন শেখ কামালকে তারঙ্গের উজ্জ্বলিত প্রতীক উল্লেখ করে বলেন, আজকের আলোচনা সভার মূখ্য উদ্দেশ্য শেখ কামালের জীবন থেকে আমাদের যুবসমাজ কী শিখবে, কী জানবে, কেন তাঁকে অনুসরণ করবে, তাঁর প্রতি আমাদের কি দায়বদ্ধতা আছে তা জানা এবং তাঁর অসমাপ্ত কাজগুলো সমাপ্ত করা।

বিভাগীয় কমিশনার বলেন, দেশকে শত্রুগ্রস্ত করার অভিপ্রায়ে বঙ্গবন্ধুর ডাকে দেশের জনগণের সাথে তিনিও যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলেন। মুক্তিযুদ্ধকালীন প্রধান সেনাপতি এম এ জি ওসমানীর এডিসি ছিলেন শেখ কামাল। তিনি শেখ মুজিবের উত্তরসূরি হিসেবে নিজেকে গড়ে তুলেছিলেন।

জি এস এম জাফরউল্লাহ বলেন, শহিদ ক্যাপ্টেন শেখ কামাল আবাহনী ক্রীড়াচক্র প্রতিষ্ঠা করেন। ভালো গান করতেন, সেতারা বাজানোতেও বেশ পারদর্শী ছিলেন। যে গুণাবলি থাকলে একজন মানুষ অনুকরণীয় ও অনুসরণীয় হয়ে উঠতে পারে, এর প্রায় সব গুণাবলি শেখ কামালের মধ্যে ছিল। তিনি শেখ কামালকে খেলাধুলা এবং সংস্কৃতিচর্চার ক্ষেত্রে ‘অলরাউন্ডার’ হিসেবে উল্লেখ করেন।

এসময় বিভাগীয় কমিশনার শেখ কামালের জীবনী থেকে শিক্ষা নিয়ে দেশের উন্নয়নে ভবিষ্যৎ প্রজন্মকে এগিয়ে আসতে উদ্বৃদ্ধ করেন।

রাজশাহী জেলা প্রশাসক আব্দুল জলিলের সভাপতিত্বে আলোচনাসভায় রাজশাহী রেঞ্জের ডিআইজি মোঃ আব্দুল বাতেন, আরএমপিসির কমিশনার মোঃ আবু কালাম সিদ্দিক, অতিরিক্ত পুলিশ সুপার মোঃ ইফতেখার আলম, বীর মুক্তিযোদ্ধা ডা. মোঃ আব্দুল মান্নান, নিউ গভ. ডিগ্রী কলেজের উপাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ অলীউল আলম প্রমুখ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন।

এর আগে জেলা শিল্পকলা একাডেমি চতুরে বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল এর প্রতিকৃতিতে পুস্পন্দন করে শৌক্ষ জানানো হয়।

.....
তৌহিদ/রঞ্জল/হালিম/২০২২/১৫:০০ঘ.